

স্মারক : ৪৩.০০.০০০০.১১৪.১৪.১৫৪.২০-৩৬৯

তারিখ: ১৮ কার্তিক ১৪২৮
০৩ নভেম্বর ২০২১

বিজ্ঞপ্তি

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও এর অধীন দপ্তর/সংস্থার ভিশন, মিশন ও কার্যাবলির সাথে সম্পর্কিত বিষয়ে মৌলিক গবেষণা কাজে জড়িত গবেষকদের উৎসাহ প্রদানের নিমিত্ত ‘সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় গবেষণা মঞ্জুরি/অনুদান’ প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের নাগরিকগণের নিকট থেকে আবেদনপত্র আহ্বান করা হলো:

০১. গবেষকের যোগ্যতা (অনুচ্ছেদ-৪ দ্রষ্টব্য):

- (ক) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থায় কর্মরত কর্মকর্তা, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, অন্যান্য মন্ত্রণালয়/সরকারি দপ্তরে কর্মরত কর্মকর্তা, গবেষণা প্রতিষ্ঠানে কর্মরত সার্বক্ষণিক কর্মকর্তা মুখ্য গবেষক হিসেবে আবেদন করতে পারবেন।
- (খ) যৌথভাবে আবেদনের ক্ষেত্রে গবেষণা-দলের প্রত্যেকের ভূমিকা (মুখ্য গবেষক, সহযোগী গবেষক, গবেষণা সহকারী) সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে। গবেষকদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হবে স্নাতকোত্তর, তবে পিএইচডি ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া হবে।
- (গ) ক্ষুদ্র নৃগোষ্ঠীর গবেষকদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য এবং প্রথাগত জ্ঞানের অধিকারী অভিজ্ঞ সর্বজন স্বীকৃত ব্যক্তিদের গবেষণা সহযোগী হিসেবে অন্তর্ভুক্ত করা হবে।

০২. গবেষণা/সমীক্ষা প্রস্তাবের কাঠামো (অনুচ্ছেদ-৭ দ্রষ্টব্য):

গবেষণা/সমীক্ষা প্রস্তাবের নির্ধারিত কাঠামো—

একটি গবেষণা প্রস্তাবের নির্ধারিত ফরমেটে প্রধানত নিম্নলিখিত বিষয়গুলো অন্তর্ভুক্ত থাকবে:

- (ক) গবেষণার বিষয়ভিত্তিক একটি শিরোনাম;
- (খ) ভূমিকা/গবেষণার সমস্যা;
- (গ) গবেষণার যৌক্তিকতা;
- (ঘ) গবেষণার উদ্দেশ্য;
- (ঙ) গবেষণার পরিধি;
- (চ) গবেষণা পদ্ধতি;
- (ছ) গবেষণায় তথ্য ও উপাত্ত সংগ্রহের ক্ষেত্রসমূহ;
- (জ) গবেষণা কার্যক্রমে নিয়োগযোগ্য ব্যক্তিবর্গ;
- (ঝ) কর্মপরিকল্পনা/সময়সীমা;
- (ঞ) তিনমাস অন্তর অগ্রগতি প্রতিবেদন দাখিল;
- (ট) গবেষণা কার্যক্রমের পরিচালকের/গবেষকের জীবন বৃত্তান্ত;
- (ঠ) বাজেট।


০৩. গবেষণা কার্যক্রমের মেয়াদ (অনুচ্ছেদ-১১ দ্রষ্টব্য):

গবেষণা কার্যক্রমের মেয়াদ সাধারণভাবে ৬ মাস (ক্ষুদ্র মৌলিক গবেষণার ক্ষেত্রে) থেকে ২ বছরের (বৃহৎ মৌলিক গবেষণার ক্ষেত্রে) মধ্যে সীমিত থাকবে। তবে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় গবেষকের আবেদনের পরিপ্রেক্ষিতে এই সময়সীমা বৃদ্ধি করতে পারবেন।

০৪. সাধারণ শর্তাবলি (অনুচ্ছেদ-১৯ দ্রষ্টব্য):

- ০৪.১ কর্মসূচির প্রস্তাব অবশ্যই সুনির্দিষ্ট ফরমে ৫(পাঁচ) কপি ১ জানুয়ারি ২০২২ তারিখের মধ্যে দাখিল করতে হবে। এ সংক্রান্ত ফরম সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে (www.moca.gov.bd);
- ০৪.২ একজন ব্যক্তি/প্রতিষ্ঠান/গবেষক গবেষণার একটি ক্ষেত্রের জন্য বিবেচিত হবেন;
- ০৪.৩ প্রাপ্ত প্রস্তাব বাছাই ও চূড়ান্ত নির্বাচনকালে অসমাপ্ত, চলমান কর্মসূচি/প্রকল্প অগ্রাধিকার পাবে;
- ০৪.৪ এই বরাদ্দ হতে যানবাহন, আসবাবপত্র, ফ্রিজ, এয়ারকুলার অথবা এ ধরনের যন্ত্রপাতি ক্রয় এবং ভৌত কার্য করা যাবে না;
- ০৪.৫ চুক্তিবদ্ধ বরাদ্দ থেকে স্বল্পমূল্যের যন্ত্রপাতি, খুচরা যন্ত্রাংশ ও গবেষণা সংশ্লিষ্ট ব্যয় নির্বাহের জন্য প্রয়োজনে কিছু অর্থ (মোট বরাদ্দের সর্বোচ্চ ১০%) ব্যয় করা যাবে;
- ০৪.৬ গবেষণা কর্মসূচি/প্রকল্প বাস্তবায়নকালে ত্রুটি বা কোন ব্যত্যয় পরিলক্ষিত হলে পরবর্তীতে সংশ্লিষ্ট গবেষকদের প্রস্তাব বিবেচনা করা হবে না;
- ০৪.৭ অর্থবছর শেষে অব্যয়িত অর্থ (যদি থাকে) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ডিমান্ড ড্রাফট-এর মাধ্যমে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট খাতে সমর্পন করবে;
- ০৪.৮ প্রত্যেক অর্থবছরের শেষে বাস্তবায়নকারী সংস্থা/প্রতিষ্ঠান (প্রতিষ্ঠানের ক্ষেত্রে) একটি ব্যবহারিক সনদ এবং আডিটকৃত ব্যয় বিবরণী প্রেরণ করবে যা সংস্থা/প্রতিষ্ঠান প্রধান, গবেষক বা বিভাগের প্রধান এবং উক্ত প্রতিষ্ঠানের অর্থ ব্যবস্থাপনা বিভাগের প্রধান দ্বারা যথাযথভাবে স্বাক্ষরিত হবে এবং কর্মসূচির বাস্তবায়ন শেষে একটি পূর্ণাঙ্গ ব্যয় বিবরণী সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;
- ০৪.৯ এই কর্মসূচির অধীনে গ্রহণকৃত বরাদ্দের সাথে সম্পর্কিত নথি এবং একাউন্টসমূহ প্রচলিত পদ্ধতিতে নিরীক্ষিত হবে;
- ০৪.১০ এই মঞ্জুরি দ্বারা সম্পাদিত গবেষণা কাজের উপর প্রকাশনায় সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আর্থিক অনুদানের বিষয়টি উল্লেখ (acknowledge) করতে হবে;
- ০৪.১১ সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্মসূচির সম্পর্কিত তথ্য/উপাত্ত/নকশা/বিনির্দেশ যে কোন সময় আহ্বান ও প্রাপ্তির ক্ষমতা সংরক্ষণ করবে এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অনুরোধে বাস্তবায়নকারী ব্যক্তি/সংস্থা/ প্রতিষ্ঠান/গবেষকগণ তথ্যসমূহ প্রেরণ করতে বাধ্য থাকবে;
- ০৪.১২ বাস্তবায়নকারী ব্যক্তি/সংস্থা/গবেষকগণ অন্য কোন প্রতিষ্ঠানের মাধ্যমে (sub-contract) কাজটি করানোর ক্ষমতা প্রাপ্ত হবে না। তবে যে কোন প্রতিষ্ঠানের তথ্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অনুমতি সাপেক্ষে ব্যবহার করতে পারবে;
- ০৪.১৩ এই গবেষণার নিয়মিত কাজগুলো সম্পাদনের জন্য কোন জনবল নিয়োগ করা যাবে না। তবে দৈনিক মজুরিভিত্তিক জনবল নিয়োগ করা যেতে পারে;
- ০৪.১৪ কর্মসূচি/প্রকল্প প্রস্তাব দাখিলের সময়ে প্রস্তাবিত কর্মসূচি/প্রকল্প বাস্তবায়ন অঞ্চল/এলাকা প্রযোজ্য ক্ষেত্রে জেলা, উপজেলা, ইউনিয়ন, গ্রাম, মৌজাসহ সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে;
- ০৪.১৫ গবেষণা কর্মসূচি/প্রকল্প নির্বাচিত হবার পর, সংশ্লিষ্ট গবেষক সরকার নির্ধারিত মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্প বাস্তবায়নকারী সংস্থা/প্রতিষ্ঠানের প্রধানের দ্বারা যথাযথভাবে প্রতিস্বাক্ষর করা একটি চুক্তি সম্পাদন করবেন। চুক্তি সম্পাদনের পূর্বে কোনভাবেই অর্থ ছাড় করা হবে না;

- ০৪.১৬ প্রতিষ্ঠান/সরকারি সংস্থায় কর্মরত ব্যক্তিগণ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে কর্মসূচি/প্রকল্পের প্রস্তাবনা জমা প্রদান করবেন। তবে ব্যক্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলাপ্রশাসকের মাধ্যমে প্রস্তাবনা প্রদান করবেন।
- ০৪.১৭ এই নীতিমালার আওতায় গবেষণা মঞ্জুরি প্রাপ্ত ব্যক্তি/সংস্থা/প্রতিষ্ঠান সরকারি বিধি মোতাবেক সকল প্রকার কর পরিশোধ করবেন;
- ০৪.১৮ কর্মসূচি/প্রকল্পের ফলাফল (Impact) মূল্যায়ন করা হবে;
- ০৪.১৯ গবেষণা কার্যক্রমের সম্মানী/পরামর্শক ফি/ভাতা মোট বরাদ্দের ১৫% এর বেশি হবে না;
- ০৪.২০ যদি কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান ছাড়কৃত অর্থ যথাযথভাবে গবেষণা সংশ্লিষ্ট কাজে ব্যবহার না করেন, কিংবা অনিয়ম বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করেন, তাহলে ব্যক্তি/প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া যাবে;
- ০৪.২১ গবেষণা মঞ্জুরি/অনুদান প্রদানের ক্ষেত্রে প্রশাসনিক বিভাগীয় এলাকা বিবেচনা করা হবে। কর্মসূচি/প্রকল্প চলাকালে এ সংক্রান্তে সরকার কর্তৃক কোন বিধিবিধান আরোপ করা হলে তা অনুসরণ করতে বাধ্য থাকবেন। গবেষণা প্রস্তাব গ্রহণ ও বাতিলের সকল ক্ষমতা সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় সংরক্ষণ করে।


(শরীফ নজরুল ইসলাম)
উপসচিব

ফোন: ৯৫৪৬৫৮৭

ই-মেইল: ds3@moca.gov.bd

তারিখ: ১৮ কার্তিক ১৪২৮
০৩ নভেম্বর ২০২১


স্মারক : ৪৩.০০.০০০০.১১৪.১৪.১৫৪.২০-৩৬৯

জ্ঞাতার্থে ও কাযার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। অতিরিক্ত সচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। যুগ্মসচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৩। উপসচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৬। সিস্টেম এনালিস্ট, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)
- ০৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৮। অফিস কপি ও মাস্টার ফাইলে সংরক্ষণ কপি

(শরীফ নজরুল ইসলাম)
উপসচিব

- ০৪.১৬ প্রতিষ্ঠান/সরকারি সংস্থায় কর্মরত ব্যক্তিগণ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে কর্মসূচি/প্রকল্পের প্রস্তাবনা জমা প্রদান করবেন। তবে ব্যক্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলাপ্রশাসকের মাধ্যমে প্রস্তাবনা প্রদান করবেন।
- ০৪.১৭ এই নীতিমালার আওতায় গবেষণা মঞ্জুরি প্রাপ্ত ব্যক্তি/সংস্থা/প্রতিষ্ঠান সরকারি বিধি মোতাবেক সকল প্রকার কর পরিশোধ করবেন;
- ০৪.১৮ কর্মসূচি/প্রকল্পের ফলাফল (Impact) মূল্যায়ন করা হবে;
- ০৪.১৯ গবেষণা কার্যক্রমের সম্মানী/পরামর্শক ফি/ভাতা মোট বরাদ্দের ১৫% এর বেশি হবে না;
- ০৪.২০ যদি কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান ছাড়কৃত অর্থ যথাযথভাবে গবেষণা সংশ্লিষ্ট কাজে ব্যবহার না করেন, কিংবা অনিয়ম বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করেন, তাহলে ব্যক্তি/প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া যাবে;
- ০৪.২১ গবেষণা মঞ্জুরি/অনুদান প্রদানের ক্ষেত্রে প্রশাসনিক বিভাগীয় এলাকা বিবেচনা করা হবে। কর্মসূচি/প্রকল্প চলাকালে এ সংক্রান্তে সরকার কর্তৃক কোন বিধিবিধান আরোপ করা হলে তা অনুসরণ করতে বাধ্য থাকবেন। গবেষণা প্রস্তাব গ্রহণ ও বাতিলের সকল ক্ষমতা সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় সংরক্ষণ করে।


(শরীফ নজরুল ইসলাম)
উপসচিব

ফোন: ৯৫৪৬৫৮৭


ই-মেইল: ds3@moca.gov.bd

তারিখ: ১৮ কার্তিক ১৪২৮
০৩ নভেম্বর ২০২১

স্মারক : ৪৩.০০.০০০০.১১৪.১৪.১৫৪.২০- ৬৫৭

জ্ঞাতার্থে ও কাযার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। অতিরিক্ত সচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। যুগ্মসচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৩। উপসচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৬। সিস্টেম এনালিস্ট, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)
- ০৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৮। অফিস কপি ও মাস্টার ফাইলে সংরক্ষণ কপি


(শরীফ নজরুল ইসলাম)
উপসচিব